আজকের কাগজ

তারিখ ... 14 DEC 1992 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৬ ...

50

# ছাত্র–শিক্ষক হাতাহাতির পর কুষ্টিয়া কলেজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ

কুষ্টিয়াতে ছাত্র–শিক্ষক হাতাহাতির পর কুষ্টিয়া সরকারি কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে। জানা গেছে, সরকারি কলেজে নতুন করে তিন বিভাগে ৫০টি করে আসন বৃদ্ধির অনিয়মতান্ত্রিক ভর্তির ফল প্রকাশকে কেন্দ্র করে ছাত্র সংগঠনগুলোর তীব্র প্রতিবাদের মুখে শিক্ষকরা ভর্তির তালিকাটি মেনে নেয়ার আহ্বান জানান। ছাত্ররা প্রতিবাদে অধ্যক্ষের কক্ষে তালা মেরে দেয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্যে অধ্যক্ষ আতাহার আলী দেওয়ান কমিটির জরুরী সভা আহবান করে। ক্ষুব্ধ ছাত্ররা কলেজ ক্যাম্পাসে মিছিল করে সভাকক্ষে ঢুকে সভা পন্ড করে দেয়। এ সময়ে ছাত্র–শিক্ষক মুখোমুখি হাতাহাতি হয়। ছাত্ররা স্মারকলিপি প্রদান করতে চাইলে শিক্ষকরা তা প্রত্যাখ্যান করে। এ সময়ে প্রতিবাদ সভায় মিলিত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে গেলে কলেজ কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্যে কলেজ বন্ধ ঘোষণা করে। এই ঘটনাকে নিন্দা করে ছাত্র ইউনিয়ন, ছাত্রমৈত্রী, ছাত্রদল ও ছাত্রলীগ (মে-ই) ছাত্রফ্রন্ট বিবৃতি দিয়েছে।